

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রশাসন শাখা

জরুরি
অতি গোপনীয়

Website: www.dnc.gov.bd

৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০১.৩৯৬.২১.২৩৬

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা/আইডিয়া প্রেরণ।
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের ০২ (দুই)টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা/আইডিয়া সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।



২২-৯-২০২১

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ

মহাপরিচালক

ফোন: ০২-৪৮৩২২১৮৫

ফ্যাক্স: ০২-৪৮৩২২১৮৫

ইমেইল: dg@dnc.gov.bd

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

উদ্ভাবনী উদ্যোগ/ধারণা/আইডিয়া এর শিরোনাম: **পারফরমেন্স বক্স চালু।**

১. সমস্যা:	সরকারী কর্মচারী হিসেবে প্রতিনিয়ত নানান দাপ্তরিক কাজ করতে হয়। কিন্তু সে সকল কাজের তথ্য যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়না ফলে সম্পাদিত কাজের সঠিক পরিসংখ্যান পাওয়া যায়না। অধিকন্তু সম্পাদিত কাজের মধ্যে ইফেক্টিভ বা নন-ইফেক্টিভ সার্ভিস গণনা করার সুযোগ থাকেনা।
২. সমাধানের বিবরণ:	অধিদপ্তরের উপপরিদর্শক ও তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাদের জন্য পারফরমেন্স বক্স চালুকরণ। যেখানে প্রতিদিনের সম্পাদিত কাজের সংক্ষিপ্ত বিবরণ থাকবে। সম্পাদিত কাজের ধরন অনুযায়ী ইফেক্টিভ বা নন-ইফেক্টিভ সার্ভিসের সংখ্যা সহজেই বের করা যাবে।
৩. বাস্তবায়ন ধাপ/পদ্ধতি:	পারফরমেন্স বক্স চালু করার ক্ষেত্রে অনলাইন ডায়েরী সিস্টেম চালু করা হবে। সেখানে প্রত্যেক কর্মচারী তার সম্পাদিত কাজের সংক্ষিপ্ত বিবরণ দাখিল করবে।
৪. আইডিয়া বাস্তবায়নের প্রয়োজনীয় উপকরণ:	আপাতত: নতুন কোন উপকরণ লাগবে না।
৫. আইডিয়া বাস্তবায়নে সম্ভাব্য ব্যয়:	কোন সম্ভাব্য ব্যয় নেই।
৬. আইডিয়া বাস্তবায়নের ফলে উপকারভোগী:	অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী তথা অধিদপ্তর।

উদ্ভাবনী উদ্যোগ/ধারণা/আইডিয়া এর শিরোনাম: **ড্রাগ মিউজিয়াম।**

১. সমস্যা:	গবেষণা কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণের উপকরণ, তথ্য সংগ্রহ এবং মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে যথাযথ বাস্তব জ্ঞান আহরণ/তথ্য প্রাপ্তির জন্য কোন বৈধ স্থান না থাকায় ধারণা অস্পষ্ট হয়ে থাকে।
২. সমাধানের বিবরণ:	ড্রাগ মিউজিয়াম স্থাপনের মাধ্যমে মাদকের ক্ষতিকর দিক ও ভয়াবহতা তুলে ধরা হবে। পাশাপাশি এই মিউজিয়াম থেকে গবেষণা, প্রশিক্ষণসহ অন্যান্য ক্ষেত্রে প্রায়োগিক জ্ঞান অর্জন সহজ হবে। চীনের বেইজিংয়ে এ ধরনের একটি মিউজিয়াম রয়েছে।
৩. বাস্তবায়ন ধাপ/পদ্ধতি:	যে কোন একটি ভবন/ভবনের ফ্লোর/ভবনের একটি কক্ষে ড্রাগ মিউজিয়াম স্থাপন করা যেতে পারে।
৪. আইডিয়া বাস্তবায়নের প্রয়োজনীয় উপকরণ:	যে কোন একটি ভবন/ভবনের ফ্লোর/ভবনের একটি কক্ষ এবং মাদকবিরোধী বিভিন্ন প্রচার-প্রচারণামূলক উপকরণ।
৫. আইডিয়া বাস্তবায়নে সম্ভাব্য ব্যয়:	সম্ভাব্য ব্যয় আপাতত: অনুমেয় নয়। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী ব্যয় করা হবে।
৬. আইডিয়া বাস্তবায়নের ফলে উপকারভোগী:	মাদক থেকে দূরে থাকার প্রত্যাশী সকল শ্রেণী-পেশার মানুষ।

২০/০২/২০২৩

মোহাঃ জিলপুর রহমান
সহকারী পরিচালক(প্রশাসন)